[redacted]

[redacted]

ওই গ্রামের জনৈক ব্যাক্তি বাড়ি থেকে গ্রেফতার করা হয় অভিযুক্ত খুনি সুজনকে। সুজনকে গ্রেফতারের পর করা হয় পুলিশি জিজ্ঞাবাদ। পুলিশের পক্ষ থেকে বলা হয়েছে, তাকে জিজ্ঞাসাবাদে হত্যাকান্ডের ঘটনার কথা স্বিকার করেছে।

এ ঘটনায় মঙ্গলবার দুপুর আড়াইটার দিকে প্রেস ব্রিফিং দেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) জাহাঙ্গীর আলম। উপস্থিত ছিলেন সহকারি পুলিশ সুপার মোঃ সাজিদ হোসেন, দর্শনা থানার ওসি মাহব্বুর রহমান কাজল, ইন্সপেক্টর (তদন্ত) শেখ মাহবুবুর রহমান, ইন্সপেক্টর (অপরেশন) আবু সাঈদ, সেকেন্ট অফিসার এসআই আহম্মদ আলী, এসআই আ. রহমান খান, সুমন্ত বিশ্বাস, শিহাব উদ্দিন, মাহমুদুল হাসান মিন্টু, মাজহারুল ইসলাম, হারুন অর রশিদ প্রমুখ।

এ সময় শহিদুল হত্যাকান্ড সহ সুজনকে গ্রেফতারের ব্যাপারে সাংবাদিকদের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন অতিরিক্ত পুলিশ সুপার জাহাঙ্গীর আলম। এ মামলার তদন্তকারি কর্মকর্তা ইন্সপেক্টর আবু সাঈদ জানান, গ্রেফতারকৃত সুজনকে আজ বুধবার সোপর্দ করা হতে পারে আদালতে। পুলিশি জিজ্ঞাসাবাদের জন্য সুজনকে ৫ দিনের রিমান্ডের আবেদনও করা হতে পারে।

দামুড়হুদায় শোক দিবস পালন উপলক্ষে প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত

দামুড়হুদায় উপজেলা প্রশাসনের আয়োজনে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৬ তম শাহাদত বার্ষিকীতে জাতীয় শোক দিবস উদযাপন ও যথাযোগ্য মর্যাদায় পালনের লক্ষ্যে উপজেলা পরিষদের সন্মেলন কক্ষে মঙ্গলবার বেলা ১১টার দিকে এক প্রস্তুতিমুলক সভা অনুষ্ঠিত হয়।
আগষ্ট মাসে সারাবিশ্বে নেমে আসে শেকের ছায়া। শোকাবহ আগষ্টের আজ চতুর্থ দিন। ১৯৭৫ সালের সালের এ মাসেই বাঙালি জাতি হারিয়েছিলেন স্বাধীনতার মহান স্থাপিত হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি বঙ্গবন্ধু

দেশের করোনা সংকট মোকাবিলা করতে করোনাকালীন পরিস্থিতি বিবেচনায় রেখে কর্মসূচি পালনের জন্য সরকারের পক্ষ থেকে নির্দেশনা দেওয়া হয়েছে। সে লক্ষ্যে স্বাস্থ্যবিধি মেনে সল্প পরিসরে উপজেলা পরিষদ চত্বরে বঙ্গবন্ধু মুরালে পুষ্পস্তবক ও মাল্যদান, আলোচনা সভা, অনলাইনের মাধ্যমে রচনা, চিত্রাঙ্কন প্রতিযোগিতা, উপজেলার সকল এতিমখানায় উপহার সামগ্রী, হাসপাতালে রোগীদের মধ্যে উন্নত মানের খাবার বিতরণ সহ ধর্মীয় সকল প্রতিষ্ঠানে বিশেষ মোনাজাত এবং মন্দির, গীর্জা,সহ অন্যআন্য ধর্মীয় প্রতিষ্ঠানে বিশেষ প্রার্থনা করার সীদ্ধান্ত গ্রহণ করা হয়।

কেরুজ কমপ্লেক্সে ২০২০-২১ অর্থবছরে ১শ সাড়ে ৪ কোটি টাকা মুনাফা অর্জন

দেশের সবগুলো চিনিকল যখন লোকসানের বোঝা মাথায় নিয়ে গভীর জলে হাবুডুবু খাচ্ছে, তখনো সরকারকে প্রচুর পরিমাণ রাজস্ব দিয়েও মুনাফা অর্জন করেছে কেরুজ কমপ্লেক্স। কেরুজ কমপ্লেক্স বরাবরের মতো গত অর্থ বছরেও মুনাফা অর্জন হয়েছে ১শ সাড়ে ৪ কোটি টাকা।

সরকারের রাজস্ব খাতায় ৭৩ কোটি জমা দিয়েও মিলের ৩টি বিভাগের ৭৬ কোটি টাকা লোকসান পুষিয়ে মূল মুনাফার খাতায় জমা হয়েছে প্রায় সাড়ে ২৮ কোটি টাকা। কেরুজ কমপ্লেক্স আরও লাভজনক করতে গ্রহণ করা হয়েছে নানামুখি পদক্ষেপ। তবে আগামি আখ মাড়াই মরসুম হুমকির মুখে পড়েছে। কেরুজ কমপ্লেক্সের বয়স পেরিয়েছে ৮৩ বছর। জোড়াতালি দিয়েই বারবার আখ মাড়াই মরসুমের কার্যক্রম চালু করা হয়ে থাকে। খানেকটা খুড়িয়ে খুড়িয়ে কোনোভাবে শেষ করা হয়ে থাকে আখ মাড়াই কার্যক্রম। লাগাতার যান্ত্রিক ত্রুটির কবলে পড়ে নাজেহালে পড়তে হয় কর্মকর্তা ও কর্মচারীদের। চিনি কারখানার দশা যা হোক না কেন বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন থেকে প্রতি বছরের আখ মাড়াই ও চিনি উৎপাদনের লক্ষমাত্র বেধে দিতে কমতি করেন না কর্তাবাবুরা।

লক্ষ্যমাত্রা অর্জিত হোক বা না হোক বোঝা চাপিয়ে দিতে মোটেও

শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রস্তুতি

বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামাল এর ৭২তম জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার বেলা সাড়ে ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সভা কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান এর সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য আলী আজগার টগর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আলি মুনসুর বাবু, উপজেলা আঃ লীগের সভাপতি সিরাজুল আলম ঝন্টু,সাধারণ সম্পাদক মাহ্ফুজ’র রহমান মঞ্জু, দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান, সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ।

উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর পঃ পঃ কর্মকর্তা ডাঃ আবু হেনা মোহাম্মদ জামাল শুভ, উপজেলা কৃষি অফিসার সম্প্রসারণ অফিসার মাসুম আব্দুল্লাহ, প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ মশিউর রহমান, সমাজসেবা অফিসার গোলাম ছানোয়ার,মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ মতিন,নির্বাচন অফিসার ইসহাক, সমবায় কর্মকর্তা হারুন অর রশিদ, বন কর্মকর্তা রকিব উদ্দিন, উপজেলা মৎস্য কর্মকর্তা আইয়ূব আলী, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দিন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ আব্দুল খালেক, দর্শনা থানার অফিসার ইনচার্জ মাহাবুবুর রহমান কাজল,প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা সদর ইউনিয়ন আঃ লীগের সাধারণ সম্পাদক শফিউল কবীর ইউসুফ, উপজেলা শ্রমিক লীগের সভাপতি হাজী আঃ কাদির, উপজেলা যুবলীগের সাধারণ সম্পাদক হয়রত আলী,

উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আশরাফ হোসেন,উপজেলা আনসার ও জিডিপি’র প্রশিক্ষক আশরাফুল ইসলাম, জুড়ানপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সোহরাব হোসেন, কার্পাসডাঙ্গা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান খলিলুর রহমান ভুট্টু, কুড়ালগাছিইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহ্ এনামুল করীম ইনু, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শরিফুল আলম মিল্টন, নাটুদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শফিকুল ইসলাম শফি, নতিপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ইয়ামিন হোসেন, হাউলি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নিজাম উদ্দিন সহ স্থানীয় সাংবাদিক ও রাজনৈতিক ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

দামুড়হুদা উপজেলা কর্তৃক দিবসটি যথাযথ মর্যাদায় পালনের লক্ষ্যে উপজেলা প্রশাসনের আয়োজনে আগামী ৫ আগস্ট বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের জন্মবার্ষিকীতে গ্রহণ করা হয়েছে কর্মসূচি। উপজেলা প্রশাসনের কর্মসূচীর মধ্যে থাকবে বীর মুক্তিযোদ্ধা শহীদ ক্যাপ্টেন শেখ কামালের স্বরণে শ্রদ্ধা নিবেদন,মিলাদ ও দোয়া মাহাফিলের আযোজনে সীদ্ধান্ত গৃহীত হয়।

কোটচাঁদপুরে নতুন ইউএনও দেলোয়ার হোসেন

ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার নতুন নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হিসাবে যোগদান করেছেন মোঃ দেলোয়ার হোসেন। গত বৃহস্পতিবার (২৯ জুলাই) উপজেলার নির্বাহী কার্যালয়ে এসে দায়িত্বভার গ্রহন করেন।

তিনি সদ্য বিদায়ী উপজেলা নির্বাহী অফিসার আসাদুজ্জামান রিপনের স্থলাভিষিক্ত হলেন। দেলোয়ার হোসেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজিতে অর্নাস মাষ্টারর্স ডিগ্রি অর্জন শেষে বিসিএস ৩৩ তম ব্যাচের প্রশাসনিক কর্মকর্তা হন।

এর আগে তিনি বাগেরহাট জেলার মোড়লগঞ্জ উপজেলায় দীর্ঘ ১ বছর ২৬ দিন নির্বাহী কর্মকর্তা হিসাবে সফলতার সাথে দায়িত্ব পালন করেছেন। বীর মুক্তিযোদ্ধার সন্তান দেলোয়ার হোসেন এর বাড়ি কুমিল্লা

মেহেরপুরে নতুন করে আরও ৪৬ জন করোনা আক্রান্ত! মৃত্যু-৩

মেহেরপুরে নতুন করে আরও ৪৬ জন করোনা আক্রান্ত হয়েছেন। মৃত্যুবরণ করেছেন ৩ জন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ২১ জন, গাংনীতে ১৫ জন, মুজিবনগর ১০ জন।

মঙ্গলবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ১৮৪ টি। তারমধ্যে ৪৬ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৫৩২ জন। তার মধ্যে সদরে ১৮৭ জন, গাংনীতে ২৪৮ জন এবং মুজিবনগরে ৯৭ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৪৩ জন । মৃতদের মধ্যে সদরে ৬৪ জন, গাংনী ৪৮ জন ও মুজিবনগরে ৩১ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচি কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

চুয়াডাঙ্গা ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান

জরিমানা আদায়

সরকার ঘোষিত চৌদ্দ দিনের লকডাউন বাস্তবায়ন ও কার্যকর করতে চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের পক্ষ থেকে চুয়াডাঙ্গা সদরের ডিঙ্গেদহ বাজারে ভ্রাম্যমান আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নেজারত ডেপুটি কালেক্টর সবুজ কুমার ও সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মোঃ তারিখ হোসেনের নেতৃত্বে ডিঙ্গেদহ বাজারসহ আশেপাশের এলাকায় ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়।

মঙ্গলবার বেলা সাড়ে পাঁচ সময় মোবাইল কোর্ট পরিচালনা করে স্বাস্থ্যবিধি না মানার অপরাধে দন্ডবিধি ১৮৬০ এর ১৮৮ ধারায় দশটি মামলায় দশ জনকে সর্বমোট চৌদ্দশ টাকা এবং হেলমেট না থাকায় সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী দুই জনকে ছয়শত টাকা জরিমানা করা হয় মোবাইল কোর্ট এর পক্ষ থেকে।

গাংনী পৌর মেয়র আহমেদ আলীর জনসচেতনতায় পথসভা

করোনা ভাইরাসের সংক্রমণ প্রতিরোধে জনসচেতনতায় প্রচারণামুলক পথ সভা করেছেন গাংনী পৌর মেয়র আহমেদ আলী। মঙ্গলবার সকালে গাংনী পৌরসভা কার্যালয় থেকে পথ সভা শুরু করেন তিনি। পৌরসভা থেকে পথসভাটি শুরু করে গাড়াডোব গ্রামে গিয়ে শেষ হয়। পথসভায় গাংনী পৌরসভার অন্যান্য স্টাফরা অংশ গ্রহন করেন।
এসময় করোনা ভাইরাসের ভয়াবহতা সম্পর্কিত বিভিন্ন জন সচেতনতামুলক বার্তা প্রচার করেন। মেয়র আহমেদ আলী বলেন, আপনারা সুস্থ্য থাকলে আমারা সুস্থ্য থাকবো। আপনার পরিবার থেকে করোনা ভাইরাস কাউকে কেড়ে নিলে আপনার পরিবারের যে ক্ষতি হবে তা অপরুনীয় ক্ষতি। আপনার পরিবার থেকে কর্মক্ষম ব্যক্তি হঠাৎ অসুস্থ্য হয়ে পড়লে কেউ আপনাদের মুখে ভাত তুলে দেবেনা।

আপনাদের বাঁচানোর জন্য স্বাস্থ্য বিভাগের পরামর্শ মোতাবেক কঠোর লকডাউনের ঘোষনা দিয়েছেন সরকার।

সরকারের এ লকডাউন বাস্তবায়ন করতে প্রশাসন নানা ভঅবে চেস্টা করছে। কিন্তু আপনারা নিজেরা যদি নিজেদের পরিবারের কথা না ভঅবেন তাহলে আপনাদের ক্ষতি আপনারাই করবেন। তাই সকলকে সচেতন করতে আমরা আমাদের পৌরসভার স্টাফদের নিয়ে পতসভা শুরু করেছি। তিনি মেয়র আরো বলেন,মাস্ক ছাড়া বিনা প্রয়োজনে কেই বাহিরে বের হবেননা। সাবান দিয়ে নিয়মিত হাত পরিস্কার করার কথাও বলেন আহম্দে আলী। নিজেকে বাঁচিয়ে রেখে অন্যকে বাঁচানোর চেষ্টায় গাংনী পৌর মেয়র আহম্দে আলীর পথসভায় এলাকাবাসীসহ পথচারিরা সন্তোষ প্রকাশ করেন। এসময় পৌরসভার অফিস সহকারি জামিরুল ইসলাম টিক্কাসহ অন্যান্য স্টাফবৃন্দরা পথ সভায় অংশ গ্রহন করেন। পথসভার মাধ্যমে পথচারী ও এলাকাবাসীদের মাঝে মাস্ক ও হ্যান্ড স্যানিটাইজার বিতরণ করা হয়।

মহেশপুরে পুত্রবধূকে কুপিয়ে শ্বশুরের আত্মহত্যা

ঝিনাইদহের মহেশপুর উপজেলার রামচন্দ্রপুর গ্রামে পারিবারিক কলজের জের ধরে পুত্রবধুকে কুপিয়ে আহত করে আত্মহত্যা করে শ্বশুর। মঙ্গলবার ভোররাতে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন অবস্থায় তার মৃত্যু হয়।
মহেশপুর থানার ওসি সাইফুল ইসলাম জানান, উপজেলার রামচন্দ্রপুর গ্রামের মৃত হুজুর আলীর ছেলে আব্দুল গনি নিজের জমি বিক্রি করে কিছু টাকা ছেলেকে দেন এবং অবশিষ্ট টাকা নিজের কাছে রাখেন। এ নিয়ে ছেলের বউ নয়নতারার সাথে সোমবার সন্ধ্যায় পারিবারিকভাবে তর্কবির্তক হয়। এক পর্যায়ে শ্বশুর আব্দুল গণি ক্ষিপ্ত হয়ে ধারালো অস্ত্র দিয়ে ছেলের বউ নয়নতারাকে কুপিয়ে গুরুতর আহত করে। সেখান থেকে তাকে উদ্ধার করে প্রথমে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। পরে তার শারিরীক অবস্থার অবনতি হয়ে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে রেফার্ড করা হয়। সেখান থেকে নয়নতারাকে মঙ্গলবার সকালে ঢাকায় পাঠানো হয়। এদিকে এ

ঘটনার পর রাতে শ্বশুর আব্দুল গনি নিজ বাড়িতে বিষপান করে। বিষয়টি পরিবারের লোকজন টের পেয়ে তাকে উদ্ধার করে মহেশপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে চিকিৎসাধীন অবস্থায় মঙ্গলবার ভোরে তার মৃত্যু হয়।

গাংনীর তেতুঁলবাড়িয়া ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলমের বিরুদ্ধে সংবাদ সম্মেলন

মেহেরপুরের গাংনীর ততুঁলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নিজস্ব লোককে বাঁচাতে সীমান্তরক্ষী বাহিনী বিজিবিকে প্রভাবিত করে গ্রামের অন্য দুই যুবকের বিরুদ্ধে হয়রানী মুলক মামলা করিয়েছেন মর্মে অভিযোগ এনে সংবাদ সম্মেলন করেছেন করমদী গ্রামের আব্দুল মান্নান ও শাহিনুজ্জামান। মঙ্গলবার দুপুরে গাংনী প্রেসক্লাবে এ সংবাদ সম্মেলন করেন তারা।

লিখিত বক্তব্যে মান্নান জানান, ১৭ জুন চেয়ারম্যান জাহাঙ্গীরের আপনজনখ্যাত এ উপজেলার তেরাইল গ্রামের আবুল কালাম আজাদ সীমান্ত এলাকা থেকে মোটর সাইকেল পাচারের সময় বিজিবি ক্যাম্পের সদস্যরা তাড়া করে। বিজিবির হাত থেকে পালিয়ে জাহাঙ্গীরের বাড়িতে আশ্রয় নেয়। বিজিবির সদস্যরা জাহাঙ্গীরকে চাপ দিতে তিনি বিজিবিকে প্রভাবিত করে গ্রামের মান্নান ও শাহিনুলের নামে কুষ্টিয়ার দৌলতপুর থানায় একটি মামলা দায়ের করান। ওই মামলায় ঘটনাস্থল পশ্চিম ধর্মদহ দেখিয়ে মামলার বাদী হন ৪৭ বিজিবির নায়েব সুবেদার সাইফুল ইসলাম।বাদ সম্মেলনে জানানো হয়, ঘটনার দিন মান্নান ও শাহিনুল বাড়িতে অবস্থান করেন এবং তারাই আবুল কালাম আজাদকে মোটর সাইকেল ফেলে পালাতে দেখেছেন। তার নামে মামলা না হয়ে অন্য থানায় মামলা হয়েছে ইউপি চেয়ারম্যান জাহাঙ্গীর আলমের প্রভাবে। চেয়ারম্যান জাহাঙ্গীরকে মাদক পাচারকারী হিসেবেও উল্লেখ করেন ভুক্তভোগিরা।সংবাদ সম্মেলনে বিভিন্ন প্রিন্ট ও ইলেক্ট্রীক মিডিয়ার সাংবাদিকগন উপস্থিত ছিলেন।